



বাংলাদেশ কৃষি ব্যাংক

বিভাগীয় কার্যালয়
সি এন্ড বি রোড, বরিশাল।

গণমানুষের ব্যাংক
ফোন : ০২-৪৭৮৮৬৪২১৮
ই-মেইল :
gmbarisal@krishibank.org.bd

বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির ৩য় ত্রৈমাসিকের সভার কার্যবিবরণী(৩০.০৩.২০২২)

বিভাগীয় কার্যালয়, বরিশালের গত ২৯.০৩.২০২২ খ্রিঃ তারিখের অফিস স্মারক নং-জিএম/বার/প্রশা-৬৬/২০২১-২০২২/২২৪৪(৪) এর মাধ্যমে বিভাগীয় কার্যালয়, বরিশালের নৈতিকতা কমিটির সভা আহ্বান করা হয়। তার প্রেক্ষিতে, অদ্য ৩০.০৩.২০২২ খ্রিঃ তারিখে সকাল ১০.৩০ ঘটিকায় নৈতিকতা কমিটির সভা মহাব্যবস্থাপক মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে অনুষ্ঠিত হয়। সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ

ক্রমিক নং	কমিটির পদবী	নাম	পদবী
০১.	আহ্বায়ক ও সভাপতি	জনাব মোঃ সালাহউদ্দীন রাজীব	মহাব্যবস্থাপক(দায়িত্বে)
০২.	সদস্য	জনাব মোঃ মোহাম্মিনুর রহমান	সহকারী মহাব্যবস্থাপক
০৩.	সদস্য	জনাব শোয়েব আহমেদ	মুখ্য কর্মকর্তা
০৪.	সদস্য-সচিব ও শুদ্ধাচার ফোকাল পয়েন্ট কর্মকর্তা	জনাব মোহাম্মদ জাহিদ হাসান	সহকারী প্রোগ্রামার

০২। সভাপতি মহোদয় সবাইকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের অন্যান্য সকল শহীদ সদস্যগণকে গভীর শ্রদ্ধার সঙ্গে স্মরণ করেন এবং তাঁদের আত্মার মাগফিরাত কামনা করেন।

০৩। সভার কার্যসূচী অনুযায়ী সভায় প্রধান কার্যালয় থেকে প্রেরিত ছক অনুযায়ী অত্র কার্যালয়ের প্রনীত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর অগ্রগতি পরিবীক্ষণ করা হয়। অগ্রগতি পরিবীক্ষণ ও গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নরূপঃ

১. গত ০৩.০৩.২০২২ খ্রিঃ তারিখে বিকেবি, পরিচালনা পর্ষদের মাননীয় চেয়ারম্যান সাবেক সচিব জনাব মোঃ নাসিরুজ্জামান মহোদয়ের নেতৃত্বে বিকেবি, নলছিটি শাখা, ঝালকাঠীর গ্রাহক/স্টেকহোল্ডার/সুধীজনের অংশগ্রহণে সভা নলছিটি উপজেলা পরিষদের মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় মাননীয় চেয়ারম্যান মহোদয় সুধীজনদের সাথে মতবিনিময় করেন এবং ব্যাংকের বিভিন্ন সমস্যা ও সমাধানের বিভিন্ন পরামর্শ সুধীজনদের নিকট থেকে পাওয়া যায়। অনুষ্ঠানটি সফলভাবে আয়োজন করায় সংশ্লিষ্ট সকলকে মহাব্যবস্থাপক মহোদয় ধন্যবাদ জানান এবং উক্ত সভার মাধ্যমে ২০২১-২০২২ অর্থবছরে বিকা, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর সুধীজনদের অংশগ্রহণের সভা আয়োজনের লক্ষ্যমাত্রা শতভাগ সম্পন্ন হওয়ায় সন্তোষ প্রকাশ করেন।


২. এরপরে সভায় শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে অগ্রগতি পর্যবেক্ষণ করা হয়। মার্চ-২০২২ এর মধ্যে ১ টি প্রশিক্ষণ আয়োজনের সকল প্রস্তুতি সম্পন্ন থাকলেও ছুটির দিনে প্রশিক্ষণ আয়োজনের জন্য প্রশিক্ষণটি আগামীকাল অর্থাৎ ০১.০৪.২০২২ খ্রিঃ তারিখে ভোলায় অনুষ্ঠিত হতে যাচ্ছে যাতে ৩৬ জনকে প্রশিক্ষণ দেয়া হচ্ছে। ফলে বর্তমান অর্থবছরে মোট ৪ টি প্রশিক্ষণ আয়োজন করা হলো যাতে মোট ১৯৬ জন প্রশিক্ষণার্থীকে শুদ্ধাচার বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ২০২১-২০২২ অর্থবছরে বিকা, বরিশালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এ সর্বমোট ২০০ জনকে প্রশিক্ষণ দেয়ার লক্ষ্যমাত্রা নির্ধারিত ছিল। লক্ষ্যমাত্রার ৯৮% অর্জন করতে পারায় মহাব্যবস্থাপক মহোদয় সন্তোষ প্রকাশ করেন।

৩. মুখ্য আঞ্চলিক কার্যালয়সমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর কার্যক্রম বেগবান করার লক্ষ্যে তাগিদ প্রদান করার জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশ প্রদান করেন।


৪. যথা সময়ে ওয়েবসাইটে শুদ্ধাচার বিষয়ক নথিপত্র আপলোড নিশ্চিত করার জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশনা প্রদান করেন।

৫. এছাড়াও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা, ২০২১-২০২২ এর অন্যান্য লক্ষ্যমাত্রা অর্জনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মহাব্যবস্থাপক মহোদয় নির্দেশনা প্রদান করেন।

০৪। পরিশেষে, সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


30-03-2022


(মোহাম্মদ জাহিদ হাসান)
সহকারী প্রোগ্রামার
সদস্য-সচিব


30-03-22

(শোয়েব আহমেদ)
মুখ্য কর্মকর্তা
সদস্য


30-03-2022

(মোঃ মোহাম্মিনুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক
সদস্য


30-03-2022

(মোহাম্মদ সালাহউদ্দীন রাজীব)
মহাব্যবস্থাপক(দায়িত্বে)
সভাপতি